গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
উন্নয়ন শাখা-১
**www.sid.gov.bd.**

নং-৫২.০০৮.০০৬.১৫.০৮.৪৪০.১৯৯৭(অংশ-৮)-২৭২

তারিখঃ ০৪ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ
১৮ জুন, ২০১৫ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের এপ্রিল, ২০১৫ মাসের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।**

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)'র এপ্রিল'১৫ মাসের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত মাসিক সভা গত ০৪ জুন, ২০১৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

(মোঃ মনিরুজ্জামান খাঁন)
সিনিয়র সহকারী সচিব
☎ ৪১৮১৫৭৫

**বিতরণঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, উপসচিব)।
২। অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
৫। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভরন, আগারগাঁও, ঢাকা।
৬। প্রধান, শিক্ষা ও সামাজিক সেক্টর, আইএমইডি, ব্লক-১১, শেরে বাংলা নগর, ঢাকা (দৃঃআঃ বেগম সুফিয়া যাকারিয়া, পরিচালক)।
৭। যুগ্ম প্রধান, জনপ্রশাসন সেক্টর (ব্লক নং-১)/জনসংখ্যা ও পরিকল্পনা উইং/স্বাস্থ্য উইং (ব্লক নং-১)/স্কাইসোয়াম (ব্লক নং-১)/পাট ও বস্ত্র উইং, শিল্প ও শক্তি বিভাগ (ব্লক নং-৩)/ফসল উইং, কৃষি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৮। উপসচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
৯। পরিচালক, সেন্সাস উইং/কৃষি উইং/জাতীয় হিসাব উইং/ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং/ডেমোগ্রাফী এন্ড হেলথ উইং/কম্পিউটার উইং/স্ট্যাটিসটিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট/এফএ এন্ড এমআইএস উইং, বিবিএস।
১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১১। প্রকল্প পরিচালক, ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (সাবেক BPD) প্রকল্প/স্ট্রেনদেনিং ক্যাপাসিটি অব বিবিএস ইন পপুলেশন এন্ড ডেমোগ্রাফীক ডাটা কালেকশন ইউজিং জিআইএস প্রকল্প/আদমশুমারী ও গৃহ গণনা-২০১১ প্রকল্প/নিউট্রিশনাল সার্ভিলেন্স কম্পোনেন্ট প্রকল্প/অর্থনৈতিক শুমারি-২০১৩ প্রকল্প/মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিসটিক্স অব বাংলাদেশ প্রকল্প/অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্প/ইমপ্রুভিং অব লেবার স্ট্যাটিসটিক্স এন্ড লেবার মার্কেট ইনফরমেশন সিস্টেম (LMIS) থ্রু প্যানেল সার্ভে প্রকল্প/বাংলাদেশে অবস্থানরত অনিবন্ধিত মিয়ানমার নাগরিক শুমারি-২০১৫ প্রকল্প/হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে প্রকল্প/ডিজিটাইজেশন অব বিবিএস পাবলিকেশনস এন্ড অনলাইন সেকেন্ডারী ডাটা কালেকশন প্রকল্প, বিবিএস।
১২। Representative, UNICEF/UNFPA/WORLD BANK/EUROPEAN UNION.
১৩। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, কৃষি শুমারি-২০১৮ প্রকল্প/জাতীয় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা একাডেমী প্রকল্প/ন্যাশনাল স্ট্যাটিসটিক্যাল ডাটা ওয়ারহাউজ এন্ড সেন্টার প্রকল্প/৭ বিভাগীয় এবং ৬৪ জেলায় ভবন নির্মাণ প্রকল্প, বিবিএস।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ব্লক নং-৮, শেরে বাংলা নগর, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়, ব্লক নং-৭, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। উপসচিব (তথ্য ব্যবস্থাপনা-২), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
৪। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
উন্নয়ন-১ শাখা

## উন্নয়ন প্রকল্পসমূহের এপ্রিল, ২০১৫ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

১.১ সভার সভাপতি : **কানিজ ফাতেমা** *এনডিসি*, **সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।**
১.২ সভার তারিখ ও সময় : ৪ জুন, ২০১৫ খ্রিঃ, সময়ঃ দুপুর ১২.০০ ঘটিকা
১.৩ সভার স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (SID) এর সম্মেলন কক্ষ
১.৪ সভায় উপস্থিতি : সংযোজনী- ক।

২.০ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব কানিজ ফাতেমা *এনডিসি* উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির নির্দেশক্রমে উপসচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর চলমান উন্নয়ন প্রকল্পসমূহের অগ্রগতি সম্পর্কে উপস্থাপনা প্রদান করেন। উপসচিব (উন্নয়ন) জানান যে, ২০১৪-১৫ অর্থ বছরে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ৮ (আট)টি প্রকল্প এডিপিভুক্ত। আরএডিপি-তে বরাদ্দ ৬৫ কোটি ৩৯ লক্ষ ৩৮ হাজার টাকা। এপ্রিল, ২০১৫ পর্যন্ত ব্যয় ২৫ কোটি ২১ লক্ষ ১৯ হাজার টাকা। প্রস্তাবিত আরএডিপিতে বরাদ্দ অনুসারে ব্যয়ের হার ৩৮.৫৫%।

৩.০ অতঃপর সভায় নিম্নোক্তভাবে প্রকল্পভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক | প্রকল্পের নাম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৩.১ | অর্থনৈতিক শুমারি ২০১৩ প্রকল্প (জুলাই, ২০১১- জুন, ২০১৬) | অর্থনৈতিক শুমারি ২০১৩ প্রকল্পের অনুকূলে ২০১৪-২০১৫ অর্থবছরে আরএডিপিতে ৪৩০.১০ লক্ষ টাকা বরাদ্দ দেয়া হয়েছে এবং এপ্রিল ২০১৫ পর্যন্ত ২৬০.২৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে। আরএডিপি অনুসারে ব্যয়ের হার ৬০.৫১%। অত:পর সভাপতির নির্দেশনার প্রেক্ষিতে প্রকল্প পরিচালক প্রকল্প শুরু থেকে এ পর্যন্ত সম্পাদিত কার্যক্রমের বিস্তারিত চিত্র তুলে ধরেন। প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পের উল্লেখযোগ্য অর্জনের মধ্যে অন্যতম হলো নির্ধারিত সময়ে (৩১ মার্চ - ৩১ মে, ২০১৩) শুমারির মূল তথ্য সংগ্রহ কার্যক্রম সফলতার সাথে সম্পন্ন করা, রেকর্ড পরিমাণ কম সময়ে গত ১৭ নভেম্বর ২০১৩ খ্রি. তারিখে শুমারির প্রাথমিক ফলাফল প্রকাশ, স্বল্পতম সময়ে গণনা পরবর্তী যাচাই (পিইসি) কার্যক্রম সম্পন্ন এবং ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্র (ইউআইএসসি) ব্যবহারের মাধ্যমে দ্রুততম সময়ে মূল শুমারির তথ্য ধারণ (Data Entry) কার্যক্রম সম্পন্ন করা। তিনি আরও বলেন, চলতি ২০১৪-২০১৫ অর্থবছরে প্রকল্পের আওতায় যে সকল কার্যক্রম সম্পাদিত হয়েছে সেগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো স্বল্পতম সময়ে তথ্য প্রক্রিয়াকরণ, তথ্যের Consistency Checking ও Validation সম্পন্ন, খসড়া রিপোর্ট প্রস্তুত শুরু এবং পিইসি এর রিপোর্ট প্রকাশ করা। বর্তমানে খসড়া রিপোর্ট (৬৪ টি জেলা রিপোর্ট, ১টি ন্যাশনাল রিপোর্ট ও ১টি অ্যাডমিনিস্ট্রেটিভ রিপোর্ট) | (১) চূড়ান্ত রিপোর্ট দ্রুত সময়ের মধ্যে মুদ্রণ ও প্রকাশের লক্ষ্যে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(২) ডিপিপি সংশোধন কার্যক্রম দ্রুত সম্পন্নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(৩) প্রকল্পের অন্যান্য কার্যক্রম কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক, বিবিএস<br>ও<br>প্রকল্প পরিচালক, অর্থনৈতিক শুমারি ২০১৩ প্রকল্প |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রণয়ন এবং পাইলট বিজনেস রেজিস্টার প্রস্তুতের কার্যক্রম ও ডিপিপি সংশোধন কার্যক্রম চলমান। ইতোমধ্যে ডিপিপি সংশোধনের প্রস্তাব পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের মাধ্যমে পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগে প্রেরণ করা হয়েছে। | | |
| ৩.২ | আদমশুমারি ও গৃহগণনা ২০১১- প্রকল্প (জুলাই ২০০৮- ডিসেম্বর ২০১৫) | আদমশুমারি ও গৃহগণনা-২০১১ প্রকল্পের জন্য ২০১৪-২০১৫ অর্থবছরে আরএডিপিতে মোট বরাদ্দ ২৩ কোটি ৫০ লক্ষ টাকা। এপ্রিল, ২০১৫ পর্যন্ত মোট ব্যয় ১৩ কোটি ৬০ লক্ষ ৬০ হাজার টাকা। আরএডিপিতে বরাদ্দ অনুসারে ব্যয়ের হার ৫৯.৯০%। প্রকল্প পরিচালক জানান যে,<br>(ক) প্রকল্পের কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করার ব্যবস্থা নেয়া হয়েছে এবং প্রকল্পের ১৩৫টি রিপোর্টের খসড়া পান্ডুলিপি প্রস্তুতের কাজ সমাপ্ত হয়েছে।<br>(খ) জুন,২০১৫ এর মধ্যে সকল কমিউনিটি ও ন্যাশনাল রিপোর্ট মুদ্রণের কাজ সমাপ্ত হবে।<br>(গ) BPD প্রকল্প এর সহায়তায় Scanner ও Duel computer গুলি চালুর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br>(ঘ) প্রকল্পের ফোর কালার পিন্টিং মেশিন এর Powerbase Order (PO) দেওয়া হয়েছে। | (ক) প্রকল্পের মেয়াদের মধ্যে সকল কাজ সম্পন্ন করতে হবে।<br>(খ) জুন ২০১৫ এর মধ্যে প্রকল্পের ১৩৫টি রিপোর্টের খসড়া পান্ডুলিপি প্রস্তুতের কাজ সমাপ্ত করতে হবে এবং সকল কমিউনিটি ও ন্যাশনাল রিপোর্ট মুদ্রণের কাজ সম্পন্ন করতে হবে।<br>(গ) BPD প্রকল্প কর্তৃক Software সংগ্রহপূর্বক Scanner এ Duel Computer গুলি চালু করতে হবে।<br>(ঘ) প্রকল্পের আওতায় ফোর কালার প্রিন্টিং প্রেস মেশিন দ্রুত সংগ্রহ করতে হবে। | মহাপরিচালক বিবিএস, প্রকল্প পরিচালক আদমশুমারি ও গৃহগণনা ২০১১ প্রকল্প এবং এনএইচডি (বিপিডি) প্রকল্প |
| ৩.৩ | মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিসটিক্স অব বাংলাদেশ প্রকল্প (জুলাই-২০১৩- জুন, ২০১৭) | MSVSB প্রকল্পের জন্য ২০১৪-২০১৫ অর্থবছরে আরএডিপি বরাদ্দ ৬ কোটি ৯৪ লক্ষ টাকা। এপ্রিল , ২০১৫ পর্যন্ত মোট ব্যয় ৩ কোটি ২৬ লক্ষ ৮৯ হাজার টাকা। ব্যয়ের হার ৪৭.১০%। প্রকল্প পরিচালক জানান, এ প্রকল্পের আওতায় জনসংখ্যা ও জনতত্ত্ব সম্পর্কিত ভাইটাল স্ট্যাটিসটিকস প্রতিনিয়ত বিস্তারিতভাবে সংগ্রহ করা হয়ে থাকে যা বার্ষিক ও পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নে ব্যবহার করা হচ্ছে। তাছাড়াও এ প্রকল্পের মাধ্যমে জন্মহার, মৃত্যুহার, মাতৃমৃত্যু হার, শিশু মৃত্যুহার, ৫ বছরের নীচে শিশু মৃত্যুহার, মানব জীবনের সম্ভাব্য গড় আয়ুসহ নানাবিধ তথ্য সংগ্রহ করা হচ্ছে। প্রকল্পের আওতায় সংগৃহীত তথ্য আরো বস্তুনিষ্ঠ করার লক্ষ্যে আদমশুমারি-২০১১ এর গণনা এলাকা বিবেচনায় নমুনার আকার ১৫০০ PSU থেকে বৃদ্ধি করে ২০১২ উন্নীত করা হয়েছে। এ ছাড়া তিনি বলেন SVRS এর অন লাইন ডাটা এন্ট্রি সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য বিবিএস এর এতদবিষয়ে MSVSB প্রকল্প ও জিআইএস ম্যাপস্ প্রকল্পের মধ্যে একটি আন্তঃ MOU এর সিদ্ধান্ত রয়েছে। SVRS ২০১২ সালের রিপোর্ট প্রকাশিত হয়েছে। ২০১৩ সালের রিপোর্ট প্রণয়নের কাজ চলছে । ২০১৪ সালের মাঠ পর্যায় থেকে প্রাপ্ত তথ্যসমূহ কম্পিউটারে ধারণ শেষ পর্যায়ে রয়েছে । | (ক) ২০১৪ সালের Key Indicators প্রস্তুতের কাজ দ্রুত করতে হবে।<br>(খ) নবসৃষ্ট ৫১২টি PSU এর জন্য স্থানীয় মহিলা রেজিস্ট্রার ও সুপারভাইজারের সম্মানী ও অন্যান্য ভাতাদির জন্য সংশোধিত DPP অনুমোদন পরবর্তী কার্যক্রম দ্রুত বাস্তবায়ন কররেতে হবে।<br>(গ) SVRS এর অন লাইন ডাটা এন্ট্রি কার্যক্রম বাস্তবায়নের জন্য UN-FPA এর সহায়তায় জিআইএস ম্যাপস প্রকল্প ও MSVSB প্রকল্পের মধ্য আন্তঃ MOU এর কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক, বিবিএস, প্রকল্প পরিচালক MSVSB প্রকল্প ও প্রকল্প পরিচালক, জিআইএস প্রকল্প |

| | | | | |
|---|---|---|---|---|
| | স্ট্রেনদেনিং ক্যাপাসিটি অব বিবিএস ইন পপুলেশন এন্ড ডেমোগ্রাফীক ডাটা কালেকশন ইউজিং জিআইএস প্রকল্প (জুলাই- ২০১২- জুন, ২০১৭) | প্রকল্প পরিচালক অগ্রগতির বিষয় জানান যে, ষ্ট্রেনদেনিং ক্যাপাসিটি অব বিবিএস ইন পপুলেশন এন্ড ডেমোগ্রাফীক ডাটা কালেকশন ইউজিং জিআইএস প্রকল্পের জন্য ২০১৪-২০১৫ অর্থ বছরে মোট বরাদ্দ ৪ কোটি ২৩ লক্ষ টাকা। এপ্রিল, ২০১৫ পর্যন্ত মোট ব্যয় ৩ কোটি ১২ লক্ষ ৭৪ হাজার টাকা। ব্যয়ের হার ৭৩.৯৩%। প্রকল্প পরিচালক অগ্রগতির বিষয়ে জানান, এ পর্যন্ত ১৬টি জেলা ও ১১টি সিটি কর্পোরেশন ডিজিটাল মৌজা/মহল্লার ম্যাপ হালনাগাদ করণের কাজ শেষ হয়েছে। বর্তমানে সুনামগঞ্জ জেলার ম্যাপ হালনাগাদ করণের কাজ চলছে। রংপুর বিভাগের ৮টি জেলার Small Area Atlas প্রকাশ করা হয়েছে আদমশুমারি ও জিও ডাটাবেইজ ব্যবহার করে বর্তমানে জয়পুরহাট জেলার, মৌলভীবাজার,সিলেট সিটি কর্পোরেশন, মানিকগঞ্জ ও নারায়নগঞ্জ জেলার Small Area Atlas প্রস্তুতকরণের কাজ চলছে। SVRS এর অনলাইন ডাটা এন্ট্রির জন্য সফটওয়ার ডেভলপ করা হয়েছে এবং একটি সেমিনারের মাধ্যমে সেটি উদ্বোধন করা হয়েছে। প্রকল্পের মুল এডিপি এবং সংশোধিত এডিপিতে বরাদ্দ একই রাখা হয়েছে। ২০১৪-২০১৫ আর্থিক বছর শেষে এ প্রকল্পের কাজ শতভাগ অর্জিত হবে।<br>(ক) GIS Platform তৈরির বিষয়ে অতিরিক্ত সচিব মহোদয়ের সভাপতিত্বে কমিটি কাজ করছে। উক্ত কমিটি কর্তৃক TOR সহ অন্যান্য বিষয় অনুমোদিত হয়েছে।<br>(খ) SVRS এর মাঠ পর্যায়ের ৪০২৪ জন রেজিস্টার এবং সুপারভাইজারদের প্রশিক্ষণ চলতি মাসে সম্পন্ন হয়েছে । মাস্টার ট্রেইনারদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>(গ) সকল জেলার ডিজিটাল মৌজা/মহল্লা ম্যাপ কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলছে। এ পর্যন্ত ১৮টি জেলা এবং ১১টি সিটি কর্পোরেশনে কাজ সম্পন্ন হয়েছে।<br>ঘ (VAW Survey-2015 এর প্রশ্নপত্র ও ম্যানুয়েল চুড়ান্ত করা হয়েছে। মাঠ পর্যায়ে Pre-test এর কাজ সম্পন্ন হয়েছে এবং প্রশ্নপত্রের উপর মাস্টার ট্রেইনার, মাঠ পর্যায়ে সুপারভাইজার ও গণনাকারীদের প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। | (ক) GIS Platform তৈরির কাজ এগিয়ে নিয়ে যেতে হবে।<br>খ) SVRS এর মাঠ পর্যায়ের রেজিস্টারদের প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।<br>গ) সকল জেলার ডিজিটাল মৌজা/ মহল্লা ম্যাপ কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে হালনাগাদকরণ সম্পন্ন করতে হবে।<br>ঘ) VAW Survey-2015 এর মাঠ পর্যায়ের Data সংগ্রহের কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক, বিবিএস<br>ও<br>প্রকল্প পরিচালক জিআইএস প্রকল্প |

| | | | | |
|---|---|---|---|---|
| | নিউট্রিশনাল সার্ভিলেন্স কম্পোনেন্ট প্রকল্প (জুলাই, ২০০৯ হতে জুন, ২০১৫ ) | নিউট্রিশনাল সার্ভিলেন্স কম্পোনেন্ট প্রকল্পের জন্য ২০১৪-২০১৫ অর্থবছরে এডিপি বরাদ্দ ৭৪ লক্ষ ২৮ হাজার টাকা। এপ্রিল, ২০১৫ পর্যন্ত মোট ব্যয় ৫৬ লক্ষ ৬০ হাজার টাকা। এ ব্যয়ের হার ৭৬.২০%। প্রকল্প পরিচালক জানান যে, নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্পের কাজ শেষ করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br>(ক) রিপোর্ট যথাসময়ের মুদ্রণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br>(খ) বিবিএস এর নিউট্রেশন সার্ভিলেন্স মনিটরিং এর প্রতিষ্ঠানিকীকরণের কাজ এর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br>(গ) এ প্রকল্পের আওতায় বিবিএস এর ১৫৯ জন কর্মকর্তা/কর্মচারীকে নিউট্রিশনাল সার্ভিলেন্স কাজে প্রশিক্ষিতকরণ এবং ৫৬৯ জন স্থানীয় শিক্ষিত বেকার মহিলাকে ফ্যাসিলিটেটর হিসেবে সম্পৃক্ত করা হয়েছে। প্রকল্প মেয়াদে সার্ভিলেন্স কার্যক্রম বিবিএস এ প্রাতিষ্ঠানিকীকরণের কাজ চলছে। প্রকল্পের Annual Report-2013 ইতোমধ্যে প্রকাশ করা হয়েছে। | ক) নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্পের অনিস্পন্ন কাজ সমাপ্ত করতে হবে।<br>খ) যথা সময়ে রিপোর্ট প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>গ) বিবিএস এ নিউট্রিশনাল সার্ভিলেন্স মনিটরিং কাজ প্রাতিষ্ঠানিকীকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বিবিএস ও প্রকল্প পরিচালক নিউট্রিশনাল সার্ভিলেন্স কম্পোনেন্ট প্রকল্প |
| ৩.৬ | বাংলাদেশ পোভার্টি ডাটাবেইজ BPD) প্রকল্প (জুলাই-২০১৩-ডিসেম্বর, ২০১৭) | BPD প্রকল্পের জন্য ২০১৪-২০১৫ অর্থবছরে আরএডিপি বরাদ্দ ২৫ কোটি ৬৮ লক্ষ টাকা। এপ্রিল, ২০১৫ পর্যন্ত মোট ব্যয় ২ কোটি ৪ লক্ষ ১২ হাজার টাকা। এ ব্যয়ের হার ৭.৯৫%।<br>প্রকল্প পরিচালক জানান যে -<br>(ক) ট্রেনিংফার্ম এবং প্রচারণা ফার্মে Short Listing এবং RFP চূড়ান্ত করে বিশ্বব্যাংকে ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। বিশ্বব্যাংকের ICR ফার্ম এর দ্বিতীয় রাউন্ড EOI সম্পন্নের পর Short listing এবং RFP চূড়ান্তকরণের কাজ প্রক্রিয়াধীন রয়েছে।<br>(খ) ডাটা এন্ট্রি অপারেটর নিয়োগের নিমিত্ত ইতোমধ্যে গত ২৪/০৫/২০১৫ তারিখ পর্যন্ত টেলিটিক বাংলাদেশ লিমিটেডে এর সহায়তায় অনলাইনের মাধ্যমে ৪২,০০৮ টি আবেদন জমা পড়েছে। উক্ত নিয়োগ প্রক্রিয়ার দ্রুত সম্পন্ন করার জন্য একটি নিয়োগ কমিটি গঠনের নিমিত্ত ইতোমধ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া DEO নিয়োগের পরীক্ষা কার্যক্রম সম্পন্নের জন্য IBA, BUET এবং MIST এর সাথে যোগাযোগ করা হয়েছে।<br>(গ) প্রকল্পের অধিকাংশ প্রক্রিউরমেন্ট এর Notification & Awards ইতোমধ্যে জারি করা হয়েছে। আশা করা যাচ্ছে নির্ধারিত সময়ের ভিতরে সকল procurement শেষ করা সম্ভব হবে। | (ক) ট্রেনিং ফার্ম,প্রচারণা ফার্ম ও আইসিআর ফার্ম নিয়োগ প্রক্রিয়া টাইম লাইন অনুসারে সম্পন্ন করে প্রকল্পের মূল তথ্য সংগ্রহ কার্যক্রম শুরু করতে হবে।<br>(খ) ডাটা এন্ট্রি অপারেটর নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে।<br>(গ) টাইম লাইন অনুযায়ী প্রকল্পের অন্যান্য প্রকিউরমেন্টের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক, বিবিএস ও প্রকল্প পরিচালক, এনএইচডি প্রকল্প |

| | | | | |
|---|---|---|---|---|
| | অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্প বাস্তবায়ন কালঃ ১ সেপ্টেম্বর ২০১৪ হতে ৩০ জুন ২০১৮ | প্রকল্পের মোট বরাদ্দঃ ১৮ কোটি ৪২ লক্ষ টাকা ২০১৪-১৫ অর্থবছরে আরএডিপি বরাদ্দঃ ৮০ লক্ষ টাকা, বরাদ্দ পাওয়া গিয়েছে।<br>২০১৪-১৫ অর্থবছরে ব্যয়ঃ নাই<br>এ প্রকল্প সম্পর্কে এ বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ সফিকুল ইসলাম সভায় বলেন যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে প্রায়ই টেন্ডার বা দরপত্র নিয়ে বিভিন্ন গ্রুপের মধ্যে উত্তপ্ত পরিস্থিতির সৃষ্টি হওয়ায় নানারকম বাধা বিপত্তির কারণে অনেকে দরপত্র দাখিল করতে পারে না। পরিসংখ্যান ভবনে দরপত্র ছিনতাই ও দরপত্র দাতাদের ভয়ভীতি থেকে মুক্ত রাখতে বহিরাগতদের ভবনে প্রবেশের ব্যাপারে কড়াকড়ি আরোপ করা প্রয়োজন। পরিসংখ্যান ভবনের গেইটে সিকিউরিটি সিস্টেম স্থাপন করা হলে বহিরাগত লোকজন সহজেই ভবনে প্রবেশ করতে পারবে না এবং এ সিকিউরিটি সিস্টেমের মাধ্যমে তাদেরকে সহজেই চিহ্নিত করে তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া যাবে। উপস্থিত সকল সদস্য এবিষয়ে একমত পোষণ করেন। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব এবিষয়ে অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব যতন কুমার সাহা-এর নিকট এ বিষয়ে অগ্রগতি জানতে চান। প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পে মেশিনারি ইকুইপমেন্টে (৬৮১৩) খাতে চলমান অর্থ বছরে ১২ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। কিন্তু এ বিষয়ে বিভিন্ন ভেন্ডর থেকে বাজারদর সংগ্রহ করে দেখা যায় যে, বরাদ্দকৃত ১২ লক্ষ টাকা দিয়ে এ সিকিউরিটি সিস্টেম স্থাপন করা সম্ভব নয়। তিনি এ বিষয়ে আরও বলেন যে, গত ০১-০৬-২০১৫ তারিখে মহাপরিচালক বিবিএস উপস্থিতিতে একটি আন্তর্জাতিক সিকিউরিটি কোম্পানীর বাংলাদেশি এজেন্ট সিকিউরিটি সংক্রান্ত একটি উপস্থাপনা প্রদান করেন। সেই উপস্থাপনা থেকেও জানা যায় যে, বিবিএস এ সিকিউরিটি সিস্টেম স্থাপন করতে আনুমানিক ২৫ (পঁচিশ) লক্ষ টাকা খরচ হতে পারে। সভায় এবিষয়ে আন্তঃখাত সমন্বয় করে এক্সেস পয়েন্ট সিকিউরিটি সিস্টেম স্থাপনের বিষয়ে সকল সদস্য ঐক্যমত প্রকাশ করেন। | বরাদ্দ পাওয়া গিয়েছে। আন্তঃখাত সমন্বয়ের মাধ্যমে বর্ণিত খাতের বরাদ্দ ২৫ লক্ষ টাকা করে চলমান অর্থ বছরে সিকিউরিটি সিস্টেম প্রবর্তন করতে হবে। | মহাপরিচালক, বিবিএস<br>ও<br>প্রকল্প পরিচালক অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (২য় পর্যায়) প্রকল্প |
| ৩.৮ | **ইমপ্রুভিং অব লেবার স্ট্যাটিসটিক্স এন্ড লেবার মার্কেট ইনফরমেশন সিস্টেম (LMIS) থ্রু প্যানেল সার্ভে প্রকল্প**<br>প্রকল্পের মেয়াদঃ ০১ জানুয়ারি ২০১৫ হতে ৩১ ডিসেম্বর ২০১৭ | প্রকল্পের মোট বরাদ্দঃ ১১ কোটি টাকা<br>২০১৪-১৫ অর্থবছরে আরএডিপি বরাদ্দঃ ২ কোটি ৫০ লক্ষ টাকা, বরাদ্দ পাওয়া গিয়েছে।<br>২০১৪-১৫ অর্থবছরে ব্যয়ঃ নাই | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | বাংলাদেশে অবস্থানরত অনিবন্ধিত মিয়ানমার নাগরিক শুমারি ২০১৫ প্রকল্প প্রকল্পের মেয়াদ: ০১ এপ্রিল ২০১৫ থেকে ৩১ মার্চ, ২০১৬ | প্রকল্পের মোট বরাদ্দ: ২১ কোটি ৭৫ লক্ষ টাকা<br>২০১৪-১৫ অর্থবছরে আরএডিপি বরাদ্দ: নাই<br>২০১৪-১৫ অর্থবছরে ব্যয়ঃ নাই | | |
| ৩.১০ | হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে প্রকল্প<br>প্রকল্পের মেয়াদঃ ০১ জুলাই ২০১৪ থেকে ০১ জুন,২০১৭ পর্যন্ত। | প্রকল্পের মোট বরাদ্দঃ ১০ কোটি ৫৪ লক্ষ টাকা<br>২০১৪-১৫ অর্থবছরে আরএডিপি বরাদ্দঃ নাই<br>২০১৪-১৫ অর্থবছরে ব্যয়ঃ নাই | | |
| ৩.১১ | ডিজিটাইজেশন অব বিবিএস পাবলিকেশনস এন্ড অনলাইন সেকেন্ডারি ডাটা কালেকশন প্রকল্প<br>প্রকল্পের মেয়াদঃ ০১ এপ্রিল ২০১৫ থেকে ৩১ ডিসেম্বর,২০১৫ পর্যন্ত। | প্রকল্পের মোট বরাদ্দঃ ৬ কোটি ৮৬ লক্ষ টাকা<br>২০১৪-১৫ অর্থবছরে আরএডিপি বরাদ্দঃ নাই<br>২০১৪-১৫ অর্থবছরে ব্যয়ঃ নাই | | |
| ৩.১২ | স্ট্রেনদেনিং এগ্রিকালচার মার্কেট ইনফরমেশন সিস্টেম ইন বাংলাদেশ<br>প্রকল্পের মেয়াদঃ ০১ এপ্রিল ২০১৫ থেকে ৩১ জুন,১৬ পর্যন্ত। | প্রকল্পের মোট বরাদ্দঃ ৭ কোটি টাকা<br>২০১৪-১৫ অর্থবছরে আরএডিপি বরাদ্দঃ নাই<br>২০১৪-১৫ অর্থবছরে ব্যয়ঃ নাই | | |

**সবুজ পাতায় অন্তর্ভুক্ত প্রকল্পসমূহঃ**

| ক্রমিক | প্রকল্পের নাম | আলোচনা | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৩.৮ | ২০১৪-১৫ অর্থ বছরে সবুজ পাতায় অন্তর্ভুক্ত ৪টি প্রকল্প | উপসচিব (উন্নয়ন) জানান যে, ২০১৪-১৫ অর্থ বছরে সবুজ পাতায় ৬টি প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। তাছাড়াও সুবজ পাতার বাইরে কয়েকটি প্রকল্প প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পসমূহ হচ্ছে, (০১) কৃষি শুমারি প্রকল্প; (০২) জাতীয় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা একাডেমী প্রকল্প ; (০৩) ন্যাশনাল স্ট্যাটিসটিক্যাল ডাটা ওয়ার হাউজ এন্ড সেন্টার প্রকল্প; (০৪) ৭ বিভাগীয় এবং ৬৪ জেলায় ভবন নির্মাণ প্রকল্প। | ক) সবুজ পাতায় অন্তর্ভুক্ত গুরুত্বপূর্ণ প্রকল্পসমূহের এবং সবুজ পাতায় অন্তর্ভুক্ত নয় এমন প্রকল্প প্রস্তাবসমূহের অনুমোদনের প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক, বিবিএস ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সকল) |

৪.০ সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(কানিজ ফাতেমা এনডিসি )
সচিব